



ঢাকা-সিলেট মহাসড়কে রায়পুরায় যুবলীগের ঝটিকা মিছিল



সংগৃহীত ছবি

নরসিংদীর রায়পুরা উপজেলার মরজাল এলাকায় ঢাকা-সিলেট মহাসড়কের পাশে বুধবার (১৩ মে) দুপুরে যুবলীগের একটি ছোট মিছিলকে কেন্দ্র করে এলাকায় আলোচনা তৈরি হয়েছে। প্রায় ১৫ থেকে ২০ জনের একটি দল হঠাৎ করে ওই এলাকায় একত্র হয়ে মিছিল বের করে।

স্থানীয় সূত্রে জানা যায়, মিছিলটি মরজাল ইউনিয়ন যুবলীগের নেতা বাঁধনের নেতৃত্বে হয়। অংশগ্রহণকারীরা বিভিন্ন রাজনৈতিক স্লোগান দিতে দিতে কিছু সময় মহাসড়কের পাশে অবস্থান নেয়। এরপর তারা দ্রুত সেখান থেকে সরে যায়। পুরো ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি আরও আলোচনায় আসে।

এ বিষয়ে রায়পুরা থানার ওসি মো. মজিবুর রহমান জানান, মরজাল সীমান্তবর্তী এলাকায় স্থানীয় কয়েকজন ও শিবপুরের কিছু তরুণ মিলে ওই কার্যক্রমে অংশ নেয়। ঘটনাটি দুপুর আনুমানিক ৩টার দিকে ঘটে বলে তিনি উল্লেখ করেন।

LENS ASIA